

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম'আ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৭) জুম'আর দিন আছর ছালাতের পর ৮০ বার দর্মদ পড়া

عَنْ أَنسٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ مَنْ صلَّى عَلَىَّ يَوْمَ الْجُمُعَةِ ثَمَانِيْنَ مَرَّةً غَفَرَ اللهُ لَهُ ذُنُوْبَ ثَمَانِيْنَ عَامًا فَقِيْلَ لَهُ وَكَيْفَ الصَّلاَةُ عَلَيْكَ يَا رَسُوْلَ اللهِ؟ قَالَ تَقُوْلُ اللهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ عَبْدِكَ وَنَبِيِّكَ وَرَسُوْلِكَ النَّبِيِّ الْأُمِّيِّ وَتَعْقُدُ وَاحِدًا.

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি জুম'আর দিনে আমার উপর ৮০ বার দর্মদ পাঠ করবে আল্লাহ তার ৮০ বছরের পাপ ক্ষমা করে দিবেন। জিজ্ঞেস করা হল, কিভাবে আপনার প্রতি দর্মদ পাঠ করতে হবে? তিনি বললেন, তুমি একাকী বসে বলবে, হে আল্লাহ! আপনি মুহাম্মাদ (ছাঃ)-এর উপর রহমত বর্ষণ করুন, যিনি আপনার বান্দা, আপনার নবী ও আপনার নিরক্ষর রাসূল (ছাঃ)।

তাহকীক: উক্ত বর্ণনা মিথ্যা। এর সনদে ওয়াহাব ইবনু দাউদ ইবনু সুলায়মান যারীর নামে মিথ্যুক রাবী আছে।[1] উল্লেখ্য যে, বিভিন্ন বইয়ে লেখা আছে, জুম'আর দিন আছর ছালাতান্তে উক্ত স্থানে বসে 'আল্লাহুমা ছাল্লি'আলা মুহাম্মাদিন নাবিয়িলে উম্মী ওয়া 'আলা আলিহী ওয়া সাল্লিম তাসলীমা' এ দর্মদটি ৮০ বার পাঠ করলে আল্লাহ ৮০ বছরের ছগীরা গোনাহ মাফ করে দেন এবং তার আমলনামায় ৮০ বছরের নফল ইবাদতের ছওয়াব লিপিবদ্ধ করেন। এগুলো বানোয়াট গালগল্প মাত্র।

## ফুটনোট

[1]. সিলসিলা যঈফা হা/২**১**৫ ৷

Source — https://www.hadithbd.com/books/link/?id=1994

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন